

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.১৭.

০৪ আশ্বিন ১৪২৪
তারিখ:-----
১৯ সেপ্টেম্বর ২০১৭


নিয়োগপত্র

“বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪” অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগের রাজস্বখাতভুক্ত অফিস সহায়ক পদে ৮২৫০-২০০১০/- টাকার বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত শর্তসাপেক্ষে মেধাক্রম অনুযায়ী অস্থায়ীভাবে নিয়োগ করা হল:

ক্রমিক নম্বর	প্রার্থীর রোল নম্বর	নাম, পিতা/স্বামী ও মাতার নাম	ঠিকানা
১.	১৪০০১৯০	সোহেল রানা পিতা-তোফাজ্জল হক মাতা- অফিয়া বেগম	গ্রাম-জানকিপুর, ডাকঘর-জয়গঞ্জ বাজার, উপজেলা-বকশিগঞ্জ, জেলা-জামালপুর
২.	১৪০৭৫২০	মোঃ নাছিরুল হক পিতা- মোঃ আব্দুল জব্বার মাতা-মোছাঃ নাছিমা বেগম	গ্রাম-মানিক দোবা, ডাকঘর-দেবনগর, উপজেলা-তেতুলিয়া, জেলা-পঞ্চগড়
৩.	১৪০৩৫৯০	মোল্লা সাদ্দাম হোসেন পিতা- মোঃ ইউসুফ মোল্লা মাতা-নারগিস সুলতানা	গ্রাম-দেবদুন, ডাকঘর-জয়গ্রাম, উপজেলা-কালিয়া, জেলা-নড়াইল
৪.	১৪০২০২৩	মোঃ রবিউল হাসান পিতা-মোঃ নুরুল ইসলাম মাতা-পারুল বেগম	গ্রাম-মহেশখোলা, ডাকঘর-হরিনাথপুর, উপজেলা-হিজলা, জেলা-বরিশাল

নিয়োগের শর্তাবলি:

১. যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।
২. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন।
৩. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
৪. নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন।
৫. যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।
৬. ক্রমিক নং ১ এর প্রার্থীকে মুক্তিযোদ্ধার নিজ ও পিতার নামের পার্থক্য নিরসনের জন্য গেজেট সংশোধন করে ১(এক) বছরের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে জমা দিতে হবে।


১৯.০৯.২০১৭

৭. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নির্ধারিত হবে।
৮. চাকরিতে তাঁর/তাঁদের সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।
৯. চাকরিতে যোগদানের জন্য তাদের কোন টিএ/ডিএ দেওয়া হবে না।

০২। উপরি-উক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ২৮-০৯-২০১৭ তারিখের মধ্যে যুগ্মসচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।



(মুহাম্মদ লুৎফর রহমান)

উপসচিব

ফোন: ৯৫১৪৯৯৫


ই-মেইল establishment_sec@cabinet.gov.bd

নম্বর ০৪.০০.০০০০.৪১১.১১.০০২.১৭. ৮-১১

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৪
১৯ সেপ্টেম্বর ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক/প্রশাসন ও বিধি/সংস্কার/সমন্বয়/মন্ত্রিসভা ও রিপোর্ট/ জেলা ও মাঠ প্রশাসন) অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৫। যুগ্মসচিব (ই-গভর্নেন্স), মন্ত্রিপরিষদ বিভাগ (নিয়োগপত্রটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। উপসচিব (পরিকল্পনা ও বাজেট), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৭। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব [সচিব (সমন্বয় ও সংস্কার)-এর সদয় অবগতির জন্য]।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ১১। জনাব/বেগম.....।
- ১২। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।


(মুহাম্মদ লুৎফর রহমান)
উপসচিব